

নম্বর-৪৪.০০.০০০০.০০০.২৩৭.২৭.০০২২.২৫. ৩৮

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

প্রজ্ঞাপন

যেহেতু, জনাব জাকির হোসেন, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কেরানীগঞ্জ, ঢাকা; তিনি আঞ্চলিক পাসপোর্ট অফিস, পটুয়াখালীতে কর্মকালীন গত ৩১-০৭-২০২৫ তারিখে যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ করে উর্ধ্বতন কর্তৃপক্ষের আদেশ অমান্য করেন। পরবর্তীতে, তিনি সড়ক পথে ঢাকা হতে পটুয়াখালী গমনের সময় বাস দুর্ঘটনায় আহত হন। উক্ত বিষয়ে ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর হতে তাঁর পরিবারের সাথে যোগাযোগ করে জানা যায় যে, প্রকৃতপক্ষে তিনি ৩১-০৭-২০২৫ তারিখে বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করে ঢাকায় আগমন করেন এবং ০৩-০৮-২০২৫ তারিখে ঢাকা হতে পটুয়াখালী প্রত্যাবর্তনের সময় পথে দুর্ঘটনায় আহন হন;

যেহেতু, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তরের নিয়ন্ত্রণাধীন সকল বিভাগীয় পাসপোর্ট ও ভিসা অফিস এবং আঞ্চলিক পাসপোর্ট অফিস প্রধানগণ-কে সরকারি/সাপ্তাহিক ছুটিতে প্রধান কার্যালয়ের পূর্বানুমতি ব্যতীত কর্মস্থল ত্যাগ না করার জন্য অধিদপ্তরের স্মারক নং-৫৮.০১.০০০০.১০১.১৮.০১২. ২০২০.৯১৩ তারিখঃ ১৩-০৬-২০২৩ এর মাধ্যমে নির্দেশনা প্রদান করা হয়। একই সাথে জরুরি প্রয়োজনে অধিদপ্তরের মহাপরিচালককে সরাসরি টেলিফোনের অথবা এসএমএস-এর মাধ্যমে অবহিতকরণপূর্বক কর্মস্থল ত্যাগের বিষয়েও নির্দেশনা দেয়া হয়। কিন্তু উক্ত নির্দেশনা প্রতিপালন না করে তিনি বিনা অনুমতিতে কর্মস্থল ত্যাগ করেন এবং তিনি দুর্ঘটনা পরবর্তী সঠিক তথ্য না দিয়ে অধিদপ্তরের মহাপরিচালকের মোবাইল ফোনে মেসেজের মাধ্যমে অবহিত করেন যে, তিনি প্রাতঃভ্রমণের সময় পড়ে গিয়ে মারাত্মকভাবে আহত হয়ে শেরে বাংলা মেডিকেল কলেজ ও হাসপাতাল, বরিশালে ভর্তি হন। তিনি মিথ্যা তথ্য দিয়ে অধিদপ্তরের মহাপরিচালককে বিভ্রান্ত করেন;


যেহেতু, উপর্যুক্ত অপরাধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী তাঁকে 'অসদাচরণ' এর দায়ে অভিযুক্ত করে বিভাগীয় মামলা-১০/২০২৫ নম্বর রুজুপূর্বক অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে কারণ দর্শাতে বলা হয়। তিনি গত ১৭-১১-২০২৫ তারিখে কারণ দর্শানোর জবাব প্রদান করেন এবং ব্যক্তিগত শুনানির প্রার্থনা করেন;

যেহেতু, গত ১৫-০৪-২০২৬ তারিখে তাঁর ব্যক্তিগত শুনানি গ্রহণ করা হয়। শুনানিঅন্তে অভিযুক্ত ও রাষ্ট্রপক্ষের বক্তব্য, অভিযোগনামার জবাব, অভিযোগের গুরুত্ব এবং অন্যান্য তথ্যাদি পর্যালোচনায় তাঁর ওপর 'লঘুদণ্ড' আরোপ করা সমীচীন মর্মে প্রতীয়মান হয়;

সেহেতু, জনাব জাকির হোসেন, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কেরানীগঞ্জ, ঢাকা (সাবেক কর্মস্থল: আঞ্চলিক পাসপোর্ট অফিস, পটুয়াখালী)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৩(খ) বিধি অনুযায়ী 'অসদাচরণ' এর অভিযোগে একই বিধিমালার ৪ (২) (খ) বিধি অনুযায়ী '০১ (এক) বছরের জন্য বেতন বৃদ্ধি স্থগিত' সূচক লঘুদণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে,



২০/০৪/২৬
মনজুর মোর্শেদ চৌধুরী
সিনিয়র সচিব

নম্বর- ৪৪.০০.০০০০.০০০.২৩৭.২৭.০০২২.২৫. ১৮

তারিখ: ০৭ বৈশাখ ১৪৩৩
২০ এপ্রিল ২০২৬

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য প্রেরণ করা হল (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

- ১। অতিরিক্ত সচিব (বহিরাগমন), স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ২। মহাপরিচালক, ইমিগ্রেশন ও পাসপোর্ট অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা
- ৩। মন্ত্রীর একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (মাননীয় মন্ত্রীর সদয় অবগতির জন্য)
- ৪। উপসচিব, বহিরাগমন-৪ শাখা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ৫। সিনিয়র সচিবের একান্ত সচিব, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (সিনিয়র সচিব মহোদয়ের সদয় অবগতির জন্য)
- ৬। উপপরিচালক, বাংলাদেশ ফরমস ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা (গেজেটের পরবর্তী সংখ্যায় প্রকাশের অনুরোধসহ)
- ৭। সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা (ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ)
- ৯। জনাব জাকির হোসেন, সহকারী পরিচালক, আঞ্চলিক পাসপোর্ট অফিস, কেরানীগঞ্জ, ঢাকা
- ১০। অতিরিক্ত সচিব (শৃঙ্খলা) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, স্বরাষ্ট্র মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা
- ১১। অফিস কপি/মাস্টার কপি


২০-৪-২০২৬
মোহাম্মদ মিজানুর রহমান তালুকদার
উপসচিব